



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০  
e-mail: dmss@dgfood.gov.bd  
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৩২.০০৮.১৪-

তারিখঃ /০৬/২০১৭খ্রিঃ

বিষয় : কেন্দ্রীয়ভাবে জারীকৃত খাদ্য শস্যের চলাচল সূচি বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক প্রেরিত বিভাগের চাহিদার অতিরিক্ত খাদ্য শস্য সরানোর প্রস্তাব, বিভাগের অভ্যন্তরে ও বিভিন্ন খাতের চাহিদা পূরণের লক্ষ্যে মজুতের অতিরিক্ত চাহিদা, সাপ্তাহিক মজুত প্রতিবেদন, সংগ্রহের লক্ষ্যে খালি জায়গা সৃষ্টি ইত্যাদি বিবেচনা করে অত্র দপ্তর হতে কেন্দ্রীয়ভাবে খাদ্য শস্যের চলাচল সূচি ও উপ-সূচি জারি করা হয়। বিভিন্ন এলএসডি/সিএসডি হতে খাদ্য শস্যের চলাচল সূচি জারির পর কখনও কখনও দেখা যায়, উক্ত এলএসডি/সিএসডিতে নির্দিষ্ট পরিমাণ খাদ্যশস্যের মজুত না থাকায় পার্শ্ববর্তী এলএসডি/সিএসডি হতে প্রেরণ করা হয় এবং পরবর্তীতে কেন্দ্র পরিবর্তন/ভূতাপেক্ষ অনুমোদনের জন্য পত্র প্রেরণ করা হয়। এতে খাদ্য শস্যের সুষ্ঠু পরিবহণ বিঘ্নিত হয়।

খাদ্য শস্য চলাচল নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্য অধিদপ্তরের পূর্বানুমোদন সাপেক্ষে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক বিভাগের মধ্যে এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের পূর্বানুমোদন সাপেক্ষে জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলার অভ্যন্তরে চলাচল সূচি জারি করবেন। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক ও জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ উক্ত নীতিমালা অনুসরণ না করে চলাচল সূচি জারি করে থাকেন এবং উক্ত সূচির ব্যাপারে অত্র দপ্তর অবহিত না থাকায় আলোচ্য সমস্যার উদ্ভব হয়।

এমতাবস্থায়, খাদ্য শস্য চলাচল নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক তাঁর বিভাগের অভ্যন্তরে এক জেলা হতে অন্য জেলায় এবং জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক তাঁর জেলার অভ্যন্তরে এক এলএসডি হতে অন্য এলএসডিতে খাদ্য শস্যের চলাচল সূচি জারির প্রয়োজন হলে যৌক্তিকতাসহ সূচি জারি এবং অবিলম্বে উক্ত সূচির তথ্য অত্র দপ্তরকে অবহিতকরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।  
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল).....।

স্বাক্ষর  
(মোঃ মিজানুর রহমান)  
উপ-পরিচালক (চপরেস)  
ফোন : ০২-৯৫৫১৪২৮

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৩২.০০৮.১৪-৪০৬(৭১)/৪

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৪। অফিস কপি।

স্বাক্ষর  
উপ-পরিচালক (চপরেস)  
ফোন : ০২-৯৫৫১৪২৮

স্বাক্ষর  
৩৫.০৬.১৭